

## এআইইউবিতে দশম সিজেন কনফারেন্সের উদ্বোধন

আমাদের বার্তা ডেক্স

প্রকাশিত: ২৪ অক্টোবর, ২০২৫ ০১:৫০ অপরাহ্ন



ছবি : সংগ্রহীত

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশে (এআইইউবি) দশম কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম এডুকেটরস নেটওয়ার্ক (সিজেন) কনফারেন্স ২০২৫-এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার (২৪ অক্টোবর) এআইইউবির ক্যাম্পাসে মিডিয়া অ্যান্ড মাস কমিউনিকেশন (এমএমসি) বিভাগ এ কনফারেন্সের আয়োজন করে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম এ ফয়েজ।

ডিড্রিউ একাডেমির সহযোগিতায় আয়োজিত দুইদিনব্যাপী সম্মেলনে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মিডিয়া শিক্ষাবিদ, গণমাধ্যম পেশাজীবী ও শিক্ষার্থীরা অংশ নিয়েছেন। সম্মেলনের মূল প্রতিপাদ্য- মিডিয়া ট্রান্সফর্মেড: বাংলাদেশ অ্যাট এ ক্রসরোডসের আলোকে সাংবাদিকতা ও যোগাযোগ শিক্ষার অগ্রযাত্রায় গবেষণা, সহযোগিতা এবং সংলাপকে উৎসাহিত করাই এই আয়োজনের প্রধান উদ্দেশ্য।

বিশেষ অতিথি ছিলেন মি. রফিয়ান গিলার্মো আর, তুয়াজন, সেক্রেটারি-জেনারেল, এশিয়ান মিডিয়া ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন সেন্টার; এআইইউবির প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মিসেস নাদিয়া আনোয়ার, এআইইউবির প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি বোর্ডের সদস্য হাসানুল এ. হাসান, এআইইউবির প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি বোর্ডের সদস্য ইশতিয়াক আবেদীন, এআইইউবির ভাইস চ্যাপ্সেলর অধ্যাপক ড. সাইফুল ইসলাম, সিজেন বাংলাদেশের চেয়ারম্যান ও ইউল্যাবের প্রো-ভাইস চ্যাপ্সেলর অধ্যাপক ড. জুড উইলিয়াম জেনিলো।

উদ্বোধনী বক্তব্য দেন এআইইউবির ট্রাস্টি বোর্ডের সদস্য ও সাবেক ভাইস চ্যান্সেলর ড. কারমেন জেড, লামাগনা। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও বিভিন্ন প্রতিষ্ঠানের গণমাধ্যম পেশাজীবীরা।

দুইদিনব্যাপী এই কনফারেন্সে মূল প্রবন্ধ উপস্থাপন, প্যানেল আলোচনা এবং একাডেমিক পেপার সেশন অনুষ্ঠিত হবে। এআইইউবির মিডিয়া অ্যান্ড মাস কমিউনিকেশন বিভাগের এই আয়োজন দেশব্যাপী যোগাযোগ ও সাংবাদিকতা শিক্ষার মানোন্নয়নে একটি ইতিবাচক ভূমিকা রাখবে বলে আয়োজকরা আশা প্রকাশ করেন।

এবারের কনফারেন্সটি এআইইউবি ও সিজেন উভয়ের জন্যই একটি গুরুত্বপূর্ণ মাইলফলক, কারণ প্রথমবারের মতো এখানে গবেষণাপত্র উপস্থাপনার সুযোগ রাখা হয়েছে। এই উদ্যোগ দেশের যোগাযোগ ও গণমাধ্যম বিষয়ে উচ্চশিক্ষায় গবেষণা ও ড্রানচর্চায় নতুন দিগন্ত উন্মোচন করবে বলে আশা করা হচ্ছে।

শিক্ষাসহ সব খবর সবার আগে জানতে দৈনিক আমাদের বার্তার ইউটিউব চ্যানেলের সঙ্গেই থাকুন। ভিডিয়োগুলো মিস করতে না চাইলে এখনই দৈনিক আমাদের বার্তার ইউটিউব চ্যানেল সাবস্ক্রাইব করুন এবং বেল বাটন ক্লিক করুন। বেল বাটন ক্লিক করার ফলে আপনার স্মার্ট ফোন বা কম্পিউটারে স্বয়ংক্রিয়ভাবে ভিডিওগুলোর নোটিফিকেশন পৌঁছে যাবে।

## প্রধান সম্পাদক: সিদ্ধিকুর রহমান খান

ঢাকা ট্রেড সেন্টার, লেভেল-পাঁচ, ৯৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা -১২১৫।